দামুড়হুদায় জেলা ফুটবল অ্যাসোসিয়েশনের নবনির্বাচিত সভাপতি কে ফুলের শুভেচ্ছা

দামুড়হুদায় চুয়াডাঙ্গা জেলা ফুটবল অ্যাসোসিয়েশন(ডিএফএ) নবনির্বাচিত সভাপতি এখলাছ উদ্দিন সুজন কে ফুলের শুভেচ্ছায় সিক্ত করলেন দামুড়হুদা ব্যাডমিন্টন ক্লাবের সদস্যরা। রাত ১০টার দিকে দামুড়হুদা শিল্পকলা একাডেমির সামনে নবনির্বাচিত সভাপতি কে ফুলের শুভেচ্ছা প্রদান করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা ব্যাডমিন্টন ক্লাবের সভাপতি হয়দার আলী, সহসভাপতি এ্যাড: নয়ন, সাধারণ সম্পাদক জনি, যুগ্ম সাধারণ সম্পাদক সুমন, কোষাধক্ষ আব্দুল মোমিন, দপ্তর সম্পাদক রাসিব সহ ক্লাবের সদস্য বৃন্দ।

এসময় নবনির্বাচিত সভাপতি এখলাছ উদ্দিন সুজন বলেন চুয়াডাঙ্গা ফুটবলের হারানো ঐতিহ্য ফেরাতে নির্বাচিত কমিটি প্রতিশ্রুতি বদ্ধ।

জীবননগরে অস্ত্র, ম্যাগজিন, ৫ রাউন্ড গুলিসহ আটক -১

জীবননগর থানা পুলিশের বিশেষ অভিযান একটি অস্ত্র, ম্যাগাজিন ও ৫রাউন্ড গুলিসহ একজন আটক হয়েছে।

বুধবার বিকাল পোনে ৫টার সময় জীবননগর থানার অফিসার ইনচাজ (ওসি) মোঃ আব্দুল খালেকের নিদেশে জীবননগর থানা পুলিশ বিশেষ অভিযান পরিচালনা করে।

গোপন সংবাদের ভিত্তিতে জীবননগর উপজেলার আন্দুলবাড়ীয়া বাজার শিমুল হোটেলের মধ্যে হতে জীবননগর পৌর শহরের আশতলা পাড়ার মোঃ

মুন্নার ছেলে মোঃ আনোয়ার হোসেন মিন্টুর (৪০) শরীর তল্লাশী করে তার মাঝায় গুজা সাদা পলিথিনের মধ্যে নিল রংয়ের কাপড়ে জড়ানো একটি মেড ইউ,এস,এ,নং (৬২) পিস্তল, একটি ম্যাগাজিন ও ০৫ (পাচ) রাউন্ড গুলি সহ তাকে আটক করে। আটককৃত আসামীকে জীবননগর থানা পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে ।এ বিষয়ে জীবননগর থানায় মামলা পক্রিয়াধীন ।

দামুড়হুদা মদনা গ্রামে অগ্নিকাণ্ডে পুড়ে যাওয়া হতদরিদ্র পরিবারকে সহায়তা

দামুড়হুদা উপজেলার মদনা গ্রামে অগ্নিকাণ্ডে পুড়ে যাওয়া হতদরিদ্রের নগত অর্থ ও ঢেউ টিন দিলেন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের চেয়ারম্যান এস,এ,এম জাকারিয়া আলম।

জানা গেছে দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের মদনা গ্রামে গত ১৯/০১/২০২৩ তারিখ রাত সাড়ে ৯টার দিকে মদনা বাজারের নাইট গার্ড শরিফুদ্দীনের বাড়িতে হঠাৎ আগুন লাগে তার সর্বস্ব পুড়ে ছাই হয়ে গেলে পরবর্তীতে ফায়ার সার্ভিসের কর্মীরা এসে আগুন নিয়ন্তনে আনে, শরিফউদ্দীনের পরিবারের ৭ সদস্যদের নিয়ে প্রচন্ড শিতে খোলা আকাশের নিচে জীবন যাপন করে আসছিলো এবং শরিফউদ্দীন দীর্ঘদিন ধরে হার্টের সমস্যা জনিত কারনে ভুগছে, এই খবর শুনে পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এস.এ.এম জাকারিয়া আলম, বুধবার বিকালে নিজ উদ্যোগে নগদ অর্থ ও ঢেউ টিন প্রদান করেন।

এসময় উপস্থিত ছিলেন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের আওয়ামীলীগের সভাপতি মুন্তাজ হোসেন, ইউপি সদস্য শামসুল ইসলাম জামসুর, আবু সাঈদ মিন্টু, ইউনিয়ন যুবলীগের সভাপতি সাইফুল আলম, সাধারণ সম্পাদক সাইদুর রহমান সাঈদ, আবু জুবায়ের বিশ্বাস, ডাঃ আনারুল ইসলাম, তুতা মিয়া সহ মদনা গ্রামের স্থানীয় লোকজন এসময় উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

প্রকল্পের শুভ উদ্বোধন

সারাদেশের ন্যায় দামুড়হুদায় অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ শীর্ষক প্রকল্প “বীর নিবাস” ভার্চুয়ালি যুক্ত হয়ে শুভ উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সভাকক্ষে বুধবার সকাল ১০টার সময় বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) এর সরাসরি সম্প্রচারের মাধ্যমে প্রধানমন্ত্রী এই “বীর নিবাস” এর শুভ উদ্বোধন করেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান শাহিদা বেগম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামালউদ্দিন।

বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, বিল্লাল হোসেন, মশিউর রহমান, আ:সাত্তার খান সহ বীর মুক্তিযোদ্ধাদের প্রতিনিধিসহ উপজেলার সকল দপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

আনন্দ ঘন পরিবেশের মাধ্যমে সম্পূর্ণ হলো ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরুষ্কার বিতরণ অনুষ্ঠান।

বুধবার চুয়াডাঙ্গা ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সভাপতি চুয়াডাঙ্গা পৌরসভার সাবেক মেয়র ও চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ওবাইদুর রহমান চৌধুরীর সভাপতিত্বে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় তিনি বলেন, নতুন প্রজন্মকে দেশ ও জাতীয় চেতনার সাথে সম্পৃক্ত করতে তাদেরকে পরিপূর্ণভাবে ক্রীড়া ও সংস্কৃতি চেতনায় গড়ে তুলতে হবে। আমাদের তরুণরা খেলাধুলা ও সংস্কৃতি চর্চায় উৎকর্ষতা অর্জনের মাধ্যমেই আন্তর্জাতিক বিভিন্ন প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হবার মতো বিজয় অর্জন করবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ আবু তারেক, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান সহ বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক সহ ছাত্র-ছাত্রীবৃন্দ উপস্থিত ছিলেন।

জাতীয় সঙ্গীতের মাধ্যমে পতাকা উত্তোলন ও বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে উৎসব শুরু হয়। দলগত ডিসপ্লে পর বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক ইভেন্টের মধ্যে ছিল, চকলেট দৌড়, রিলে দৌড়, যেমন খুশি তেমন সাজো, স্কুলের শিক্ষক-শিক্ষিকা, অতিথি ও অভিভাবকদের জন্য বালিশ খেলা ও পুরুষ্কার বিতরণের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

আলমডাঙ্গার ডাউকি গ্রামে প্রেমের প্রলোভনে যুবতীকে ধর্ষণ, অভিযুক্ত গ্রেফতার

আলমডাঙ্গার ডাউকি গ্রামে যুবতিকে প্রেমের প্রলোভনে ধর্ষণের অভিযোগে যুবককে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল মঙ্গলবার বিকেলে তাকে নিজ গ্রাম থেকে গ্রেফতার করে। এঘটনায় রাতের যুবতী বাদি হয়ে আলমডাঙ্গা থানায় ধর্ষণ মামলা দায়ের করে।

এজাহার সুত্রে জানা যায়, আলমডাঙ্গার ডাউকি গ্রামের হামিদুল ইসলাম লাড্ডুর ছেলে শামীম হাসান শান্ত একই গ্রামের আব্দুর রাজ্জাকের

কন্যার সাথে মোবাইলে প্রেমের সম্পর্ক গড়ে তোলে। প্রেমের সম্পর্ক গড়ে উঠার পর তাকে বিভিন্ন সময়ে কু-প্রস্তাব দিতে থাকে শামীম । এক পর্যায়ে বিয়ের প্রলোভন দেখিয়ে শামীমের বোনের বাড়ি আসাননগর গ্রামের শিলুর বাড়িতে নিয়ে গিয়ে ধর্ষণ করে। এরপর আর বিয়ে না করে প্রতারণা শুরু করে।

পরে শামীম ঢাকায় গার্মেন্টসে চাকরী করতে চলে যায়। এক বছর ধরে ওই যুবতি মোবাইল ফোনে শামীমের খোঁজ নিতে থাকলে সে যোগাযোগ বন্ধ করে দেয়। এরই এক পর্যায়ে গত ১১ ফ্রেবুয়ারী শামীম তার বোন আসাননগর গ্রামের শাপলার বাড়িতে এসেছে বলে ওই যুবতি সংবাদ পাই।

সংবাদের ভিত্তিতে ওই যুবতি আসাননগর গ্রামে গিয়ে বিয়ের দাবী জানালে শামীম তাকে অকথ্য ভাষায় গালাগালি করে। পড়ে তাকে টেনে হিচড়ে বের করে দেয়। এবং ভবিষতে বিয়েন কথা বললে তাকে হত্যার হুমকি দেয় শামীম।

যুবতির এ মামলায় পুলিশ শামীম হাসান ওরফে শান্ত গ্রেফতার করেছে পুলিশ। আজ বুধবার তাকে জেল হাজতে প্রেরণ করা হবে।

চুয়াডাঙ্গায় ইয়াবাসহ সাবেক সেনা সদস্য আটক

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৮৫ পিচ ইয়াবা ট্যাবলেট সহ বেগমপুরের বসিরকে আটক করেছে।

জানাগেছে গত সোমবার রাত ১১টার দিকে তাকে ইযাবাসহ আটক করে। চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর (ফুলতলা) দাখিল মাদ্রাসার সামনে পাকা রাস্তার উপর হতে তাকে আটক করা হয়।

পুলিশ সূত্রে জানাগেছে, চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিক নির্দেশনায় জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের অফিসার ইনচার্জ শেখ সফিকুর রহমানের নেতৃত্বে, এস আই শিহাব উদ্দিন, এস আই সাজ্জাদ হোসেন, এ এস আই বিজন কুমার ভট্টাচার্য, এ

এস আই রমেন কুমার সরকার, এ এস আই আবেদুর রহমানসহ সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন বেগমপুর গ্রামের ফুলতলা পাড়ার দাখিল মাদ্রাসার সামনের পাকা রাস্তার উপর। এসময় আটক করা হয় বেগমপুর (ফুলতলা) পাড়ার আলী আকবর আলীর ছেলে

এলাকার চিহ্নিত মাদক ব্যাবসায়ী বশির উদ্দিন (৩৮)কে, তার কাছে থাকা উদ্ধার করা হয় ৮৫ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে। গ্রেফতারকৃত বশির উদ্দিনকে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে। গতকালই তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

দর্শনায় এক রাউন্ড গুলিসহ বিদেশী পিস্তল উদ্ধার

দর্শনায় গুলি সহ বিদেশী পিস্তল উদ্ধার করেছে দর্শনা থানা পুলিশ। গতকাল মঙ্গলবার দুপুরে দর্শনা হটাৎপাড়ার একটি বাগানের মধ্য থেকে গুলি সহ একটি বিদেশী পিস্তল উদ্ধার করা হয়।

পুলিশ জানায়, গতকাল মঙ্গলবার দুপুর সোয়া ১ টার দিকে গোপন সংবাদের ভিত্তিত্বে দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীরের নেতৃত্বে, থানার ইন্সপেক্টর অপারেশন নীরব হোসেন সঙ্গীয় অফিসার ফোর্স নিয়ে অভিযান পরিচালনা করেন দর্শনা-চুয়াডাঙ্গা সড়কের হটাৎপাড়া নামক স্থানের একটি কালভার্টের নীচে। এসময় সেখান হতে পরিত্যাক্ত অবস্থায় একটি বিদেশী পিস্তল ও এক রাউন্ড তাজা গুলি উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় পুলিশ বাদি হয়ে দর্শনা থানায় জিডি মৃলে পরিত্যাক্ত পিস্তল ও গুলিটি থানা হেফাজতে থাকবে।

দর্শনা থানার ভারপ্রাপ্ত অফিসার ইনচার্জ (ওসি) এ,এইচ,এম লুৎফুল কবীর জানান, গতকাল মঙ্গলবার দুপুর সোয়া ১টার দিকে গোপন সংবাদের ভিত্তিত্বে থানার পুলিশ পরিদর্শক (অপারেশন) নিরব হোসেন সহ থানার অফিসার ও ফোর্স অভিযান পরিচালনা করেন দর্শনা আনোয়ারপুর হঠ্যাৎপাড়ার নিকটবর্তী

দর্শনা-চুয়াডাঙ্গা প্রধান সড়কের কালভার্টের নীচে। এসময় জৈনকআব্দুল সাত্তারের ছেলে আবুল হোসেনের (৪৫) ভুট্টা ক্ষেতের পূর্বপাশে কালভার্টের নিচে জংলাময় স্থানে মালিক বিহীন পরিত্যাক্ত অবস্থায় ১টি লটো শপিং ব্যাগের মধ্যে হতে ১টি লোহার তৈরি আগ্নেয়াস্ত্র পিস্তল ও এক রাউন্ড গুলি উদ্ধার করা হয়। উদ্ধার হওয়া পিস্তলটির বডিতে ইংরেজিতে খোদাই করা লেখা মেইড ইন জাপান এবং অপর পাশে ইংরেজিতে খোদাই করা জাপান নং ১১৪ লেখা সহ ১ রাউন্ড গুলি উদ্ধার করা হয়েছে।

কার্পাসডাঙ্গায় নির্ধারিত মূল্যের অতিরিক্ত দামে সার বিক্রির অভিযোগ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার নাটুদাহ ইউনিয়নের ছাতিয়ানতলা গ্রামে আনছার ট্রেডার্স ও আক্তার ট্রেডার্স নামের দুই সার বিক্রেতার বিরুদ্ধে সরকার নির্ধারিত মূল্যর তোয়াক্কা না করে আরো বেশী মূল্যে ইউরিয়া ও রাসায়নিক সার বিক্রির অভিযোগ উঠেছে।

জানা গেছে, ছাতিয়ান তলা গ্রামে আনছার ট্রেডার্সের মালিক সার ও কীটনাশক বিক্রেতা মিয়ারুল কোন প্রকারের লাইসেন্স ছাড়াই অবৈধভাবে সরকারী মূল্যর কোন তোয়াক্কা না করে ইউরিয়া ও বিভিন্ন রাসায়নিক সারে কেজি প্রতি ৩ থেকে ৪ টাকা বেশী নিয়ে বিক্রি করছেন। অপরদিকে আক্তার ট্রেডার্সের মালিক আক্তারুলও লাইসেন্স ছাড়া হরহামেশাই ইউরিয়া ও বিভিন্ন রাসায়নিক সার বিক্রি করছেন। এলাকাবাসীর অভিযোগ আনছার ট্রেডার্সের সত্তাধিকারী মিয়ারুল যেনো খুবই বেপরোয়া। সে কারো কোন কিছু তোয়াক্কা করেনা। ইচ্ছেমত গলা কাটা দামে চাষীদের ঠকিয়ে তাদের সাথে চরম প্রতারনা করে বেশী দামে সার বিক্রি করে মুনাফা লুটছে।

আর রাতারাতি আঙ্গুল ফুলে কলাগাছ বনে গিয়ে দোতলা বাড়ি সহ অঢেল টাকার মালিক বনে গেছে। এ বিষয়ে মিয়ারুলের সাথে কথা বললে তিনি আমতা আমতা করে দাম বেশী নেবার কথা অকপটে স্বীকার করেন।এ বিষয়ে